

💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩৪৭. সমাপনী অধ্যায়

আসুন, আমরা সবাই সমগ্র বিশ্বজগতের প্রতিপালক- আল্লাহর সন্তুষ্টি অম্বেষণ করি। আসুন, তার সাথে কোন শরীক সাব্যস্ত না করে আমরা তার সামনে (সালাতে) দাঁড়াই। আসুন, আমরা তার নিকট অতিশয় আকুলভাবে প্রার্থনা করি এবং উত্তরের জন্য ধৈর্যসহকারে অপেক্ষা করি। কেননা, সত্যিই তিনি আমাদের জন্য যথেষ্ট। তিনিই আরোগ্য করেন। তিনি সষ্টা ও রিযিকদাতা। তিনি একাই জীবন দান করেন ও মৃত্যু ঘটান।

رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ

اللهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ

اللهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ خَيْرِ مَا سَأَلَكَ عَبْدُكَ وَنَبِيُّكَ مُحَمَّدٌ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا عَاذَ مِنْهُ عَبْدُكَ وَنَبِيُّكَ

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ، وَالْعَجْزِ وَالْكَسَلِ، وَالْبُخْلِ وَالْجُبْنِ ، وَضَلَعِ الدَّيْنِ، وَغَلَبَةِ الرِّجَالِ
"द আমাদের প্রতিপালক! আমাদেরকে দুনিয়াতে কল্যাণ ও আখেরাতেও কল্যাণ দান করুন এবং আমাদেরকে
জাহান্নামের শান্তি থেকে রক্ষা করুন!" (২-সুরা বাকারাঃ আয়াত-২০১)

"হে আল্লাহ! আপনি আমাদেরকে দুনিয়া আখেরাতে সর্বদা সুস্থতা ও কল্যাণ দান করুন।" (কানযুল উম্মাল, হাদীস নং-৪৯৫৭)

"হে আল্লাহ! আমরা আপনার নিকট সেই সর্বোত্তম জিনিস প্রার্থনা করি যা আপনার রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কামনা করেছেন। আর আমরা আপনার নিকট সেই মন্দ জিনিস থেকে আশ্রয় চাই যার থেকে আপনার রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশ্রয় বা পানাহ চেয়েছেন। (বুলুগুল মারাম- হাদীস নং-১৬০৯)

"হে আল্লাহ আমরা আপনার নিকট উদ্বিগ্নতা, দুশ্চিন্তা, বিষন্নতা ও দুঃখ-কষ্ট থেকে পানাহ চাই; আমরা আপনার নিকট অক্ষমতা ও অলসতা থেকে মুক্তি চাই আমরা আপনার নিকট কৃপণতা ও কাপুরুষতা বা ভীরুতা থেকে আশ্রয় চাই আর আমরা আপনার নিকট ঋণের বোঝা ও মানুষের কর্তৃত্ব থেকে আশ্রয় প্রার্থনা করি। (জামে ছগীর, হাদীস নং ১৫৫৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7854



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন